



জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয়

সাভার, ঢাকা-১৩৪২

ইনস্টিটিউট অব রিমোট সেনসিং এন্ড জিআইএস-এর স্নাতকোত্তর (নিয়মিত) শ্রেণিতে ভর্তি প্রক্রিয়া সংক্রান্ত বিজ্ঞপ্তি

সংশ্লিষ্ট সকলের অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য কর্তৃপক্ষের নির্দেশক্রমে জানানো যাচ্ছে যে, ভর্তি পরীক্ষায় উত্তীর্ণ শিক্ষার্থীদেরকে ইনস্টিটিউট অব রিমোট সেনসিং এন্ড জিআইএস-এর স্নাতকোত্তর শ্রেণিতে অনলাইন পদ্ধতিতে masters.ju-admission.org ওয়েবসাইটে রেজিস্ট্রেশন ও লগইন করে ভর্তি প্রক্রিয়া সম্পন্ন করতে হবে।

ভর্তির জন্য আবেদন করার নিয়মাবলীঃ

নিম্নে উল্লিখিত পদ্ধতি অনুসরণপূর্বক অনলাইন আবেদন প্রক্রিয়া সম্পন্ন করতে হবে।

- masters.ju-admission.org ওয়েবসাইটে প্রবেশ করে Admission Test Roll Number এবং আপনার নিজস্ব মোবাইল নম্বর দিয়ে নিবন্ধন (Registration) এবং লগইন করে Apply for Admission মেনুতে ক্লিক করতে হবে।
- এরপর নগদ অথবা DBBL মোবাইল ব্যাংকিং রকেট-এর মাধ্যমে নির্ধারিত ভর্তি ফি প্রদান করতে হবে।
- যথাযথভাবে ভর্তি ফি প্রদান করলে ভর্তির জন্য অনলাইন আবেদন ফর্মটি আসবে এবং প্রয়োজনীয় তথ্যাদি পূরণ করে আবেদন প্রক্রিয়া সম্পন্ন করতে হবে।
- এরপর বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ আপনার আবেদনটি যাচাই করবে এবং যাচাই সম্পন্ন হলে আবেদনকারীর মোবাইলে যথাসময়ে ভর্তি নিশ্চয়ন এসএমএস পাঠানো হবে। এছাড়া আবেদনকারী ওয়েবসাইটে লগইন করেও তার আবেদনের বর্তমান অবস্থা জানতে পারবে।
- ভর্তি নিশ্চয়ন হবার পর পুনরায় লগইন করে আপনার ভর্তি রশিদ প্রিন্ট করে সংরক্ষণ করুন।

সতর্কতাঃ একই মোবাইল নম্বর ব্যবহার করে একাধিক আবেদন করা যাবে না। উল্লেখ্য যে, একই রকেট/নগদ একাউন্ট থেকে একাধিক ভর্তি ফি পরিশোধ করা যাবে।

ভর্তির ফি (সার্ভিস চার্জ ব্যতীত): ৩৮০৭/- (তিন হাজার আটশত সাত) টাকা

নগদ-এর মাধ্যমে ভর্তি ফি প্রদানঃ

নগদ-এর মাধ্যমে ভর্তি ফি জমাদানের জন্য আবেদনকারীর নগদ একাউন্ট থেকে ওয়েবসাইটে সংশ্লিষ্ট ইনস্টিটিউটে ভর্তির জন্য উল্লিখিত পরিমাণ ফি masters.ju-admission.org ওয়েবসাইটের মাধ্যমে লগইন করে পেমেন্ট করতে হবে।

নগদ-এর মাধ্যমে ভর্তি ফি জমাদানের প্রক্রিয়া নিম্নরূপঃ

- masters.ju-admission.org ওয়েবসাইটে Admission Test Roll Number এবং মোবাইল নম্বর দিয়ে নিবন্ধনের (Registration) পর লগইন করে Apply for Admission মেনুতে ক্লিক করুন।
- স্ক্রিনে সংশ্লিষ্ট ইনস্টিটিউট-এর জন্য নির্ধারিত ভর্তি ফি'র পরিমাণ দেখাবে। এরপর ঐ স্ক্রিনে নগদ পেমেন্ট বাটনে ক্লিক করুন।
- এরপর নগদ একাউন্টের নম্বর দিন এবং শর্তাবলিতে সম্মতি দিয়ে পরবর্তী ধাপে যান।
- নগদ আপনার একাউন্ট নম্বরে sms-এর মাধ্যমে একটি ভেরিফিকেশন কোড পাঠাবে। কোডটি পেমেন্ট স্ক্রিনে দিয়ে পরবর্তী ধাপে যান।
- এরপর আপনার নগদ একাউন্টের পিন (PIN) দিন এবং পেমেন্ট সম্পন্ন করুন। পেমেন্ট সফল হলে সাথে সাথেই আপনি একটি কনফার্মেশন sms পাবেন এবং ভর্তির জন্য আবেদন ফর্ম দেখতে পাবেন।

রকেট -এর মাধ্যমে ভর্তি ফি প্রদানঃ

আবেদনকারীর নিজের ডাচ-বাংলা মোবাইল ব্যাংকিং রকেট একাউন্ট থেকে অথবা এজেন্টের রকেট একাউন্ট থেকে ওয়েবসাইটে উল্লিখিত পরিমাণ টাকা জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয়ের **3240 নম্বর Biller ID-** তে জমা দিতে হবে।

DBBL মোবাইল ব্যাংকিং রকেট-এর মাধ্যমে ভর্তি ফি জমাদানের প্রক্রিয়া নিম্নরূপঃ

- ডাচ-বাংলা মোবাইল ব্যাংকিং রকেট একাউন্টের মূল মেনুতে প্রবেশের জন্য *322# ডায়াল করতে হবে।
- Bill Pay নির্বাচন করতে হবে।
- অতঃপর নিজের পেমেন্ট হলে 1. Self অথবা অন্য কারো জন্য পেমেন্ট করলে 2. Other নির্বাচন করতে হবে। 2. Other নির্বাচন করলে যার জন্য পেমেন্ট করা হচ্ছে তার মোবাইল নম্বর দিতে হবে।
- তারপর 0. Other নির্বাচন করতে হবে। এরপর Biller ID হিসেবে 3240 টাইপ করতে হবে।
- এরপর Bill Number হিসাবে আপনার Admission Test Roll Number টি টাইপ করুন।
- Amount হিসেবে সংশ্লিষ্ট ইনস্টিটিউট-এর জন্য নির্ধারিত ভর্তি ফি টাইপ করতে হবে।
- এবার DBBL মোবাইল ব্যাংকিং রকেট PIN টাইপ করতে হবে।

পেমেন্ট প্রক্রিয়া শেষ হলে আবেদনকারীর বা এজেন্টের মোবাইলে ফিরতি SMS-এর মাধ্যমে একটি Transaction ID (Txnid) আসবে। ঐ Transaction ID টি সযত্নে সংরক্ষণ করতে হবে যা পরবর্তী কার্যক্রমের জন্য প্রয়োজন হবে।

ভর্তির ক্ষেত্রে প্রয়োজন:

(ক) আবেদনকারীর প্রয়োজনীয় তথ্য প্রদান:

(যেমনঃ এসএসসি, এইচএসসি ও স্নাতক (সম্মান) শ্রেণির বোর্ড/প্রতিষ্ঠানের নাম, রোল নম্বর, রেজিস্ট্রেশন নম্বর, শাখা/বিভাগ, পাশের সন এবং জিপিএ ইত্যাদি)।

(খ) যেসব সনদপত্র আপলোড করতে হবে

১. এস.এস.সি, এইচ.এস.সি ও স্নাতক (সম্মান) পরীক্ষার মূল সনদপত্রের অনুলিপি।

২. পাসপোর্ট আকারের রঙিন ছবি (৩০০ X ৩০০ পিক্সেল এবং ফাইল সাইজ ১০০ কিলোবাইটের বেশি নয়) ও স্বাক্ষর (১০০ X ৮০ পিক্সেল এবং ফাইল সাইজ ৬০ কিলোবাইটের বেশি নয়)।

স্বাক্ষরিত/-(মো. আবু হাসান)
ডেপুটি রেজিস্ট্রার (শিক্ষা)